# NARRATION AND ITS CHANGES (উক্তি/বক্তব্য)

**সংজ্ঞা:** বক্তা বা speaker যা বলে তাকেই Narration/speech বলা হয়।

এভাবেও উপস্থাপন করা যায়:

আমি তাহসিনকে বললাম, "আমি আজ অসুস্থ"। এই কথাটি ইংরেজীতে বললে ।

Direct: I said to tahsin, "I am ill today."

আবার এই কথাকে এভাবেও বলা যেতে পারে।

Indirect: I told Tahsin that I was ill that day. অর্থাৎ, আমি তাহসিনকে বলেছিলাম যে, আমিই সেইদিন অসুস্থ ছিলাম

**Narration বা Speech দুই প্রকার। যথা:**

1. Direct Narration/speech (প্রত্যেক্ষ/সরাসরি উক্তি)
2. Indirect Narration/speech (পরোক্ষ উক্তি/অন্যের দ্বারা উক্তি)

**1. Direct Narration/Speech:** বক্তার বক্তব্যটি কোনরুপ পরিবর্তন না করে হুবুহু/অবিকল প্রকাশ করকে Direct Narration বলে। উল্লেখ করলে তাকে Direct Speech বলে।

**2. Indirect Narration/speech:** বক্তারা বাক্তব্যটি হুবুহু প্রকাশ না করে করে কিছুটা পরিবর্তন করে প্রকাশ করাকে অর্থাৎ, কিছু Conjunction (That/wh-word/if/to ইত্যাদি) ব্যবহার করে বলাকে Indirect speech বলে।

**Note:** আমরা সচারচর tense মুখস্ত না করেই Narration পরিবর্তন শিখব। তবে tense যে লাগবেই না তা কিন্ত নয়।

| Direct Speech | Indirect Speech |
|---|---|
| V1 | V2 |
| V2 | had + V3 |
| am, is, are | was, were |
| was were | had been |
| have, has | had |
| had + v3 | had + v3 |
| shall/will | would |
| Can | could |
| may | might |
| must | must/had to |
| Should | Should have + v3 |
| Would | would |
| Could | Could |

| | |
|---|---|
| might | might |
| had | had had |

# CHANGES OF TENSE, MODAL AUXILIARIES AND OTHERS

## Direct speech → Indirect speech

Present Indefinite Tense → Past Indefinite Tense

Present Continuous Tense →Past Continuous Tense

Present Perfect Tense → Past Perfect Tense

Present Perfect Continuous Tense → Past Perfect Continuous Tense

Past Indefinite Tense → Past Perfect Tense

Past Continuous Tense → Past Perfect Continuous Tense

Future Tense → Future in the Past Tense

shall → should

will → would

can → could

may → might

now → then

here → there

this → that

these → those

ago → before

hence → thence

hither → thither

thus → so / in that way

come → go

today → that day

this day → that day

to night → that night

tomorrow → the next day / the following day

yesterday → the previous day / the day before

last night → the previous night / the night before

next day / week / year → the following day / week / year

yesterday morning / evening / afternoon → the previous morning / evening / afternoon

tomorrow morning / evening / afternoon → the following morning / evening / afternoon

## Direct Narration/speech এর বৈশিষ্ট:

**1. বক্তার বক্তব্যটি inverted comma (“ ”) এর মধ্যে রাখা হয়।**

**2. Reporting speech (R.V) এর পরে এর Reported Speech (R.V) এর পূর্বে একটি comma (,) ব্যবহৃত হয়।**

**3. Inverted comma (“ ”) এর ভিতরের প্রথম অক্ষরটি বা letter টি বড় হাতের (capital letter) হয়।**

## Indirect Narration/speech এর বৈশিষ্ট:

**1. Inverted comma (“ ”) ব্যাবহৃত হয় না।**

**2. Indirect speech এ সকল প্রকার Sentence গুলো Assertive রুপ ধারণ করে।**

**Note: Assertive এর গঠন হলো Sub + A.V + M.V + obj/s + M.V + obj.**

## Narration পরিবর্তনের শর্তসমূহ:

**1. Reporting speech (R.V) ও Reported speech সম্মন্ধে জানা**

**2. Person পরিবর্তন সম্মন্ধে জানা**

**3. tense/verb পরিবর্তন সমন্ধে জানা**

**4. Subject – object – possessive এই form গুলো টানা মুখস্ত রাখা।**

**5. Nearest words / নৈকট্যবর্তী শব্দসমূহকে পূর্ববর্তী শব্দ পরিবর্তন সমন্ধে জানা।**

## Person পরিবর্তনের নিয়ম:

1. 1st person: (I, me, my, we, us, our, myself, ourself, mine ours) অনুসরণ করবে reporting verb এর Subject কে।

2. 2nd person: (you, yours, yourself, yours) অনুসরণ করবে reporting verb এর object কে।

3. 3rd person: (He, she, they, them, her, their, herself, it or any name) কাউকে অনুসরণ করবে না।

## Person পরিবর্তনের শর্টটেকনিক:

| | | | |
|---|---|---|---|
| “ | 1 | 2 | 3 ” |
| | ↓ | ↓ | ↓ |
| | S | O | N |

**অর্থাৎ,** 123 = 1st person, 2nd person, 3rd person

son = Sub, object, no change.

**# নিচে ব্যাখ্যা সহ উদাহরণ person এর উপর ভিত্তি করেঃ**

**Direct:** He said to me, "I am happy."
R.V R.S

**Indirect:** He told me that he was happy.

**ব্যাখ্যাঃ** এখানে Direct এ R.S এর Sub "I" R.V এর Subject "He" কে অনুসরণ করেছে বিধায় "he" হয়েছে।

**Direct:** He said to me, "you have passed."
**Indirect:** He told me that I had passed.

**ব্যাখ্যাঃ** এখানে Direct এ R.V এর Sub, 2nd person "you" থাকায় R.V এর object "me" কে অনুসরণ করে "I" হয়েছে।

**Direct:** Himu said to me, "She was dancing."
**Indirect:** Himu told me she had been dancing.

**ব্যাখ্যাঃ** এখানে Direct এর R.S এর Sub 3rd person "she" হওয়ায় কোন পরিবর্তন হয়নি তবে Himu মেয়ে মানুষ হওয়ায় Subject হিসেবে she-ই হয়েছে।

**Person পরিবর্তন এবং subject এর form গুলো মুখস্ত রাখতে হবে। একদম টানা মুখস্ত।**

| **Person** | Subjective 1 নং form | Objective 2 নং form | Possessive case 3 নং form | Reflexive 4 নং form | souble possessive |
|---|---|---|---|---|---|
| 1st | I | me | my | myself | mine |
| | we | us | our | ourself | ours |
| 2nd | you | you | your | yourself | yours |
| 3rd | he | him | his | hiself | his |
| | she | her | her | herself | hers |
| | they | them | their | themselves | theirs |
| | it | it | its | itself | its |

**ব্যাখ্যাসহ কিছু উদাহরণঃ**

**যেমনঃ**

**Direct:** He told me my hand writing is better than yours.
S R.V obj 1st 2nd

**Indirect:** He told me that his hand writing was better than mine.

**ব্যাখ্যাঃ** এখানে আমরা মূলত person পরিবর্তন শিখবো। এখানে my আছে 1st person 3 nog form এ আর 1st person পরিবর্তন হবে subject দ্বারা indirect কারার সময়। এখন subject (he) এর 3 nog form খুজে নিতে হবে। আর he এর 3 nog form হলে his তাই নিয়ম অনুসরণ করবে R.V এর object কে। আর এখানে object 'me' খুজবে 5 nog form কে আর 5 nog form এ mine আছে তাই উত্ত mine হবে।

**Adverbial Phrase/Demonstratives/নিকট বাচক শব্দের পরিবর্তনঃ**

| Direct-এ শব্দসমূহ | Indirect-এ শব্দ সমূহ |
|---|---|
| This (এই) | That (ঐ) |
| These (এগুলো) | Those (ঐগুলো) |
| Hither (এখানে) | Thither (সেখানে) |
| Here (এখানে) | There (সেখানে) |
| Ago (পূর্বে) | Before (পূর্বে) |
| Now (এখন) | Then (তখন) |
| Thus (এরূপ) | So/In this way (সেইভাবে/সেইরূপে) |
| Today (আজ) | That day (ঐদিন) |
| tonight (আজ রাত) | That night (সেই রাত) |
| Yesterday (গতকাল) | The previous day/The day before (পূর্বের দিন) |
| Last night (গতরাত) | The previous night (গতরাত) |
| Last month (গতমাস) | The previous month/The month before (সামনের দিন) |
| Tomorrow (আগামীকাল) | The next day/The following day (সামনের দিন) |
| Next week/day (পরবর্তী সপ্তাহ/দিন) | The following week/day (পরের সপ্তাহ/দিন) |
| Next year (পরবর্তী বছর) | The following year (পরের বছর) |
| come (আসা) | go (যাওয়া) |

## বিভিন্ন Sentence এ linker এর ব্যবহার। কোথায় কোন linker বসে।

| **Sentence** এর নাম | কখন, কোথায়, কিভবে **linker** বসে |
|---|---|
| Assertive Sentence | • এই Sentence এ linker হিসেবে সব সময় inverted comma এর পরিবর্তে that বসে। |
| Interrogative Sentence | • Inverted comma উঠে গিয়ে → if বসে (তবে Auxiliary verb দ্বারা বাক্য শুরু হলে।)<br>• * Inverted comma উঠে গিয়ে → wh-word বসে (তবে wh-word দ্বারা বাক্য শুরু হলে।) |
| Imperative Sentence | • Inverted comma উঠে গিয়ে → that বসে (তবে let দ্বারা বাক্য শুরু হলে)<br>• Inverted comma উঠে গিয়ে → to বসে (তবে V1/Don't/never/please/kindly/always/be ইত্যাদি দ্বারা শুরু হলে)<br>Note: Don't থাকলে Not to বসে। |
| Optative Sentence | • Inverted comma উঠে গিয়ে → that বসে কিন্তু object বসে না। |
| Exclamatory Sentence | এই Sentence এ linker হিসেবে সব সময় → that বসে। (তবে R.V এর object বসে না) |

# ৫ প্রকার Sentence এ Reporting verb এর পরিবর্তন:

| Sentence এর নাম | Direct Narratio | Indirect narration |
|---|---|---|
| Assertive Sentence | Said to + obj থাকলে | told হবে। told এরপর কখনো to বসে না। |
| | said এরপরে obj না থাকলে | Said হবে শুধু |
| | said এরপর obj থাকলে | said to me/told me হবে। |
| | say/will/says থাকলে | say/said/will ই বসে। |
| Interrogative Sentence | said/said to থাকলে | asked বসে |
| | শুধু asked থাকলে | তা অপরিবর্তিত থাকে অর্থাৎ asked ই হয়। |
| Imperative Sentence | Said to | • আদেশ বুঝালে = order/command<br>• অনুরোধ বুঝালে = request<br>• ক্ষমা বুঝালে = beg<br>• উপদেশ বুঝালে = Advesed<br>• প্রস্তাব বুঝালে = proposed to<br>• কোন কিছু বুঝাতে না পারলে = tell/toldবসে + Inverted comma তুলে to + v1 + others বসে। |
| Exclamatory Sentence | Said/said to | • আনন্দ বুঝালে = exclaimed with joy হবে।<br>• দুঃখ বুঝালে = exclaimed with sorrow হবে।<br>• বিস্ময় বুঝালে = exclaimed with wonder/surprise হবে<br>• বিদায় বুঝালে = bid → bade (V2) হবে।<br>• শুভ কামনা বোঝালে = wish হবে।<br>• প্রতিভা বুঝালে = swear হবে।<br>• কিছু বোঝা না গেলে = exclaimed that + subj |

## Assertive Sentence

→ Reporting verb: said/said to/told বসবে + (“ ”) Inverted comma উঠে গিয়ে that বসে।

**Note:** 1. Said এর পর object থাকলে said to me/told me হয়। আবার said to + object থাকলে told হবে।

2. said এর পরে object না থাকলে said that হবে।

**যেমন:**

Direct: He said to me, “I am reading a book.”
Indirect: He told me that he was reading a bool.”

**ব্যাখ্যা:** Direct এ said to এর পর object "me" থাকায় told me হয়েছে + (" ") Inverted comma উঠে গিয়ে that বসেছ + R.S এর Subject "I" R.V এর subject "He" কে অনুসরণ করে he হয়েছে + am থাকায় was হয়েছে + বাকী অংশ।

**Direct:** Tahsin told himu, "I am going to do my duty."
**Indirect:** Tahsin told himu that she was going to her duty.

**ব্যাখ্যা:** প্রথমে told এর পরিবর্তে told ই বসেছে + inverted comma এর পরিবর্তে that বসেছে + R.S এর Subject "I" 1st person থাকায় R.V এর Subject "Tahsin" কে অনুসরণ করায় she হয়েছে + am থাকায় was হয়েছে + My এর পরিবর্তে her হয়েছে (বিস্তারিত person এ) + বাকী অংশ।

# চিরন্তন সত্য বাক্যে ( universal truth হলে)

**Direct:** He told the students, "Ice floats on water."
**Indirect:** He told the students that ice floats on water.

**ব্যাখ্যা:** বরফ পানিতে ভাসে, সূর্য পূর্ব দিকে অস্ত যায়। আল্লাহ এক ও সর্বত্র বিরাজমান এগুলো চিরন্তন সর্ত বাক্য থাকলে শুধু Inverted comma (" ") উঠে গিয়ে that বসে। আর কোন পরিবর্তন হয় না।

**Note:** Reporting verb টি present বা Future tense এ থাকলে Indirect speech এ পরিবর্তন হয়।

**যেমন:**

**Direct:** Tahsin says, "He is sick."
**Indirect:** Tahsin says that he is sick.

**ব্যাখ্যা:** এখানে R.V "says" হলো present tense এবং "he" third person থাকয় কোনই পরিবর্তন হয়নি।

Direct: He will say to me, "I will complete the book."
Indirect: He will say to me that he will complete the book.

**ব্যাখ্যা:** এখানে R.V "will" হলো Future tense থাকায় শুধু person book এর স্থানে he হয়েছে (নিয়মঅনুযায়ী)।

## # Interrogative Sentence এর Narration:

Direct এ গঠন: Sub + reporting verb + ……," ……?"

Indirect এর গঠন: Subject + reporting verb → তারপর said/said to এর পরিবর্তে asked/inquired of/wanted to know বসে।

বসে।

→ তারপর linker → Inverted (" ") উঠে গিয়ে "if/whether" (কিনা) বসে। তবে Auxiliary verb দ্বারা বাক্যে শুরু হলে।

→ (" ") উঠে গিয়ে "wh-word" বসে। তবে ((wh-word দ্বারা শুরু হলে।

**Note:** সকল প্রকার sentence কে Assertive এ convert করতে হবে।

**যেমন:**

Direct: The old man said to me, "Can you help me?"
Indirect: The old man asked me if I could help him.

**ব্যাখ্যা:** প্রথমে said to এর পরিবর্তে asked হয়েছে + A.V "can" দ্বারা বাক্য শুরু হওয়ায় "if" বসেছে "you" 2nd person সর্বদায় R.V এর object কে অনুসরণ করায় "I" হয়েছে + can থাকায় could হয়েছে + "me" object টি R.V এর Subject The old man কে অনুসরণ করে him হয়েছে। কারণ হল me হল Subjective form এর ২নং এ আর he এর ২নং form হল him.

Direct: She told me, "What is your name?"
Indirect: She asked me what my name was.

**ব্যাখ্যা:** প্রথমে R.V told এর পরিবর্তে asked বসেছে + wh-word দ্বারা শুরু হলে উক্ত wh-word টিই বসবে এটিই নিয়ম + "your" 2nd person" me, object কে অনুসরণ করে my হয়েছে (my হওয়ার কারণটি person পৃষ্ঠায় দেখুন) + name + is থাকায় was হয়েছে। আগেই বলেছি সব Sentence কে Assertive এ convert করতে হয় এখানেও তাই হয়েছে।

**Note:** Direct থেকে indirect করা সময় interrogative এ full stop দেওয়ার মাধ্যমে sentence টি Assertive sentence হয়।

**Note:** এভাবেই A.V এবং wh-word দ্বারা যত প্রকার exam ই আসুক না কেন একই নিয়মে পরিবর্তন হবে।

**Direct:** Tahsin told me, "How are you?"
**Indirect:** Tahsin asked me how I was.

**ব্যাখ্যা:** সব নিয়মই উপরের নিয়ম অনুযায়ী।

Direct: He said to me, "Did you go ther?"
Indirect: He asked me fi I had gone there.

**ব্যাখ্যা:** said to এর পরিবর্তে asked এবং A.V দ্বারা বাক্য শুরু হওয়ায় "if" বসেছ + V2 "did" থাকায় had + v3 হয়েছে +

## Imperative Sentence এর Narration:

Direct এ গঠন: Sub + reporting verb ———, "verb/do not/let/please/never/Be/kindly/always ইত্যাদি + ....."

Indirect এ গঠন: Sub + reporting verb → বিভিন্ন ধরণের reporting verb গুলো Narration অধ্যায়ের ছক আকারে সাজানো আছে অনগ্রহ করে দেখে নিন।

→ তারপর → কমা উঠে গিয়ে "that" বসে। তবে বাক্যটি let দ্বারা শুরু হতে হবে।

→ তারপর → (" ") কমা উঠে গিয়ে to বসে। (অন্যান্য সকল ক্ষেত্রে)

→ (" ") Inverted comma উঠে গিয়ে not to বসে।

**Note:** এই Sentence এ Subject কে দেখা যায়না। তবে "you" উহ্য থাকে।

**Exam:**

**Direct:** The old man told the maid, "please, give me some foods."
**Indirect:** The old man requested the main to give him some food.

**ব্যাখ্যা:** R.V "told" এর পরিবর্তে অনুরোধ বোঝানোর জন্য requested বসেছে + The maid + let ছাড়া সকল ক্ষেত্রে inverted comma উঠে গিয়ে "to" বসেছে + "me" হল 1st person এর objective form অনসরণ করবে R.V এর Subject কে তাই him হয়েছে + বাকী অংশ (him কেন হল বিস্তারিত জানতে person পৃষ্ঠায়।

**Note:** Please/kindly থাকলে R.V Requested হয়। এবং উক্ত please/kindly উঠে যায়।

Direct: Teacher said to me, "Do not run in the sun."
Indirect: Teacher advised me not to run in the sun.

**ব্যাখ্যা:** প্রথমে said to "R.V" এর পরিবর্তে Advised বসেছে (উপদেশ বুঝানোর জন্য) + Do not থাকায় Inverted comma উঠে গিয়ে "not to" বসেছে + বাকী অংশ।

Direct: Father said to me, "Never lose heart."
Indirect; Father advised me never to lose leart.

**ব্যাখ্যা:** উক্ত sentence এর আদেশ বুঝানোর কারণে R.V এর পরিবর্তে advised বসেছে + let ছাড়া অন্যান্য বাক্য দ্বারা শুরু হয়েছে বিধায় to বসেছে + বাকী অংশ।

** Imperative sentence টি let us বা let's দ্বারা প্রস্তাব বোঝায়। এক্ষেত্রে reporting verb হিসেবে proposed লিখতে হয়।

Direct: Sub + R.V + obj + "let us (let's) + v1 + obj."
Indirect: Sub + proposed to + obj + that + (we/you/they) + should + v1 + object.

খেয়াল করুন: Direct এর R.V এর Sub ও obj →

1. 1 + 2 + 3 = we বসে  2. 1 + 3 = you বসে  3. 3 + 3 = they বসে

অর্থাৎ- R.V এর Sub ও obj এর স্থানে I, me, we, us থাকলে that এর পর "we" বসে।

**Exam:**

Direct: He told me, "let us do it."
Indirect: He proposed to me that we should do it.

**ব্যাখ্যা:** প্রথমে R.V told এর পরিবর্তে proposed to বসে + let থাকলে that বসবে + R.V এর পর us থাকায় we বসেছে + let us এর কারণে should বসেছে + let us এর কারণে should বসেছে + Ext.

Direct: He told you, "let us do it."
Indirect: He proposed to you that you should do it.

**ব্যাখ্যা:** এখানে that এর পরে you বসার কারণ R.V এর Sub "He" Third person ও object "you" 2nd person থাকায় 3/2 = you বসেছে।

**Direct:** He told her, "let us do it."
Indirect: He proposed to her that they should do it.

**ব্যাখ্যা:** সব নিয়ম ১নং ব্যাখ্যা অনুযায়ী শুধু "they" বাসার কারণ R.V এর Sub ও obj. 3 + 3 = they হয়।

**Note:** R.V এর sub ও obj এর স্থানে I, me, we, us না থাকলে "that" এর পর "they" হবে।

** Imperative Sentence টি let us বা Let's দ্বারা শুরু না হয়ে let + অন্যান্য objective (us ব্যতিত) দ্বারা শরু হল এক্ষেত্রে "R.V" হিসেবে Suggested বা told লিখতে হয়। সেক্ষেত্রে let + me/him/her/they দিয়ে শুরু হতে পারে।

**Structure:** → Direct: Sub + R.V + obj + "Let + obj (us ব্যাতিত) + v1 + ext."

→ Indirect: Sub + Suggested/said/told + obj + that + sub + might + v1 + Ext.

**Exam:**

**Direct:** Tahsin told Humu, "Let me discuss the matter."
**Indirect:** Tahsin told humu that she might discuss the matter.

**ব্যাখ্যা:** এখানে R.V "told" বসেছে + let থাকায় that বসেছে + "me" R.V এর Sub Tahsin কে অনুসরণ করে she হয়েছে + might বসেছে + v1 "discuss" বসেছে + ext.

**Direct:** The boy told his frinds, "let her do the duty"

**Indirect:** The boy told his friends that she might do the duty.

## ** Optative Sentence এর Narration:

**Reporting verb:**

→ Allah/God → prayed
→ বিদায়/শুভ রাত্রি → bade.
→ অন্যান্য → wished.

**চেনার উপায়:**

→ May + Sub + v1 + others থাকবে।
→ long + live + sub থাকবে।
→ Direct wishing (e.g. Good bye/Happy birthday/good morning etc.)

**প্রয়োজনীয় Linker:**

1. (“ ”) উঠে গিয়ে that বসে তবে R.V এর obj বসে না → (May/long থাকলে)
2. (“ ”) উঠে গিয়ে that বসে না তবে R.V এর obj বসে → Direct wishing থাকলে)

**Exam:**

**Direct:** Tahsin said to Raju, “May Allah give you huge properly.”
**Indirect:** Tahsin prayed that Allah might give raju/him huge property.

**ব্যাখ্যা:** R.V “said to” এর পরিবর্তে Allah থাকার কারণে prayed বসেছে + that বসেছে may এর কারণে + Allah + may থাকলে might বসেছে + give + you যেহেতু R.V এর obj “Raju” কে অনুসরণ করে Raju/him বসেছে + Ext.

Direct: Tahsin told himu, “Good night.”
Indirect: Tahsin bade himu good night.

**ব্যাখ্যা:** Good night দ্বারা Direct wish বুঝানোর কারণে bade বসেছে + বাকী অংশ। এক্ষেত্রে that না বসে object “himu” বসেছে।

**Direct:** He told himu, “Happy Birthday”
**Indirect:** He wished himu happy Birthday.

## Exclamatory Sentence এর Narration:

Reporting verb গুলো প্রথমেই ছকের মাধ্যমে সাজানো আছে দেখে নিন।

**প্রয়োজনীয় linker: Inverted Comma (“ ”) উঠে গিয়ে that বসে। তবে কখনোই R.V এর object বসে না।**

| Exclamatory | Assertive |
|---|---|
| How + Adj + s + V! | S + v + very + Adj |
| What a/an + Noun + s + V! | S + V + a great + Noun |
| Exam:<br>• How cute she is!<br>• What a fool I am! | Exam:<br>• She is very cute.<br>• I am a great fool. |

**Note:** very বসে → Adjective এর পূর্বে।

a great বসে → Noun এর পূর্বে।

**Exam:**

**Direct:** Raju said, "what a fool I am!"
**Indirect:** Raju exclaimed with surprise that he was a great fool.

**ব্যাখ্যা:** বিস্ময় বোঝানোর ফলে R.V এর পরিবর্তে Exlaimed with Surprise বসেছে + Inverted comma (" ") এর পরিবর্তে that বসেছে + "I" অনুসরণ করেছে R.V এর Sub 'he' কে তাই he বসেছে + am থাকলে was বসবে + a great বসেছে (fool এখানে Noun) + Ext.

**Exam:**

**Direct:** He said to me, "Alas! I have failed again."
**Indirect:** He exclaimed with sorrow that he had failded again.

**ব্যাখ্যা:** দুঃখ বুঝানোর ফলে R.V এর পরিবর্তে exclaimed with sorrow বসেছে (" ") এর পরিবর্তে that বসেছে + "I" sub R.V এর sub "he" কে অনুসরণ করে he বসেছে + have থাকলে had বসবে + V3 "failed" বসেছে + ext.

**Exam:**

**Direct:** Tahsin said to Raju, "Hurrah I have got GPA-5 again."
**Indirect:** Tahsin exclaimed with joy that she had got GPA-5 again.

**ব্যাখ্যা:** Hurrah এর মাধ্যমে আনন্দ বুঝানোর ফলে Exclaimed with joy বসেছে।

## Model এর Narration:

**Direct:** Tahsin said to me, "you must leave the place now."
**Indirect:** Tahsin told me that I had to leave the place now.

**ব্যাখ্যা:** এখানে must এর পরিবর্তে had to বসেছে + অন্যান নিয়মঅনুযায়ী।

**Direct:** She said, "I need confirm the deal."
**Indirect:** She said that she need confirm the deal.

**ব্যাখ্যা:** (would/could/used to/need) থাকলে তা পরিবর্তন না হয়ে হুবুহু বসে।

## Modal এর Narration:

**Direct:** Tahsin said to me, "you must leave the place now."
**Indirect:** Tahsin told me that I had to leave the place now.

**ব্যাখ্যা:** এখানে must এর পরিবর্তে had to বসেছে + অন্যান্য নিয়মঅনুযায়ী।

**Direct:** She said, "I need confirm the deal."
**Indirect:** She said that she need confirm the deal.

**ব্যাখ্যা:** (would/could/used to/need) থাকলে তা পরিবর্তন না হয়ে হুবুহু বসে।

**Direct:** He said to me, "you can not do it."
**Indirect:** He told me that I could not do it.

**ব্যাখ্যা:** can থাকলে could হবে + অন্যান্য নিয়ম অনুযায়ী।

**Direct:** I said to him, "you might go."
**Indirect:** I said to him that he might go.

**ব্যাখ্যা:** might থাকলে ই হয় + অন্যান্য নিয়মঅনুযায়ী।

**Direct:** Raju said, "I may go to school."
**Indirect:** Raju said that he might go to school.

**ব্যাখ্যা:** may থাকলে might হয় + অন্যসব সচারচর নিয়মঅনুযায়ী। (might, ought ot, should, would, used to, could ইত্যাদি থাকলে Indirect এ অপরিবর্তিত থাকে।

**ব্যতিক্রম নিয়ম;**

# Thank you থাকলে Thanked বসে (Thank এ R.V হিসেবে) (অর্থাৎ Thank ই হবে)

**Direct:** I said to the student, "Thank you."
**Indirect:** I thanked the student.

**# Good morning, good evening, good night, good afternoon থাকলে Wished বসে + উক্ত word টি অপরিবর্তিত থাকবে।**

**Direct:** He said to me, "good morning."
**Indirect:** He wished me good moning.

**# Good by থাকলে bid বা bad বসবে + wo অপরিবর্তিত থাকবে।**

**Direct:** She said to me, "Good bye."
**Indirect:** She bad me good bye.

**# cry বা mutter থাকলে R.V হিসেবে cried বা muttered ই বসে।**

**Direct:** He cried loudly, "stop hitting."
**Indirect:** He cried loudly to stop hitting.

**# By Allah/By God/By Job/By may love/By my life প্রভৃতি Rep. speech এর শুরুতেই থাকলে Indirect speech এর শুরুতেই Swearing by Allah/Swearing by God/Swearing by Job/Swearing by my love/Swearing by my life প্রভৃতি বসোতে হবে।**

**Exam:**

**Direct:** "By Allah," he replied, I will not leave this house.
**Indirect:** Swearing by Allah he replied that he would not leave that house.
**Direct:** "By God," she replied, I will not fail in the exam.
**Indirect:** Swearing by God she replied that she would not fail in the exam.

**# We দ্বারা মানবজাতি অথবা বক্তা ও শ্রোতা উভয়কে বুঝালে We অপরিবর্তিত থাকে।**

**Direct:** He said to me, "We should do your duty."
**Indirect:** He told me that we should do our duty.

"Yes" থাকলে → Replied in the affirmative বসে।

No থাকলে → Replied in the Negative বসে।

**যেমন:**

**Direct:** He said, "yes."
**Indirect:** He replied in the affirmative.

**Direct:** He said, "No"

**Indirect:** He replied in the negative.

**# Congratulation থাকলে → Congratulated হবে।**

**Direct:** He told me, "Congratulation".
**Indirect:** He congratulated me.

**# of course থাকলে → agree with বসে।**

**Direct:** The old lady Said, "of course."
**Indirect:** The old lady agreed with me.

**# Hi/Hello থাকলে → Drawing attention হবে।**

**Direct:** He told her, "Hi, how are you?"
**Indirect:** Drawing attention, he asked her now she was.

**# Sorry → Sub + expressed Sorrow বসবে।**

**Direct:** The tittle girl/said, "sorry"
**Indirect:** The little girl expressed sorrow.

**1. He said to me, "Where were you born?"** [RU (B): 14-15]

(a) He told me there I were born. (b) He asked me where I was born

(c) He asked me where I had been born. (d) He asked me where I had born (c)

**ব্যাখ্যা:** Interrogative sentence এ সাধারণ নিয়ম অনুযায়ী উল্লেখিত বাক্যটিতে indirect করা হয়েছে। যার structure নিম্নরুপ:

Subject + asked + object + Wh. conjunction (যা direct object এ interrogative pronoun ছিল) + subject + tense পরিবর্তন।

**2. The reported speech of- "Are you a student?" She asked me is-** [CU (BBA): 06-07]

(a) She asked me if I am a student. (b) She asked me if I was a student.

(c) She asked me if was I a student. (d) She asked me was I a student (b)

**ব্যাখ্যা:** উল্লেখিত বাক্যটি interrogative, তাই indirect করার ক্ষেত্রে নিম্নোক্ত structure অনুসরণ করা হয়েছে।

Subject + asked + object + if (যেহেতু প্রশ্নবোধক বাক্যটি auxiliary verb "are" দিয়ে হয়েছে) + subject + tense পরিবর্তন।

**3. The teacher said, "We are mortal". Change the speech.** [MBSTU (Science): 14-15]

(a) The teacher said that we are mortal. (b) The teacher said that they are mortal

(c) The teacher said that they were mortal. (d) The teacher said that we are mortal. (a)

**ব্যাখ্যা:** উল্লেখিত direct narration এর reported speech "we are mortal-আমরা মরণশীল" এটি চিরন্তন সত্য হওয়ায় শুধু inverted comma তুলে দিয়ে "that" বসানো হয়েছে।

**4. He said to me, "Please open the door."** [KU: 16-17]

(a) He asked me, let the door be opened. (b) He asked to me please open the door

(c) He requested me to open the door. (d) He said to me open the door (c)

**ব্যাখ্যা:** উল্লেখিত বাক্যটি imperative sentence যা "please" দ্বারা শুরু হয়েছে, তাই indirect করার সময় reporting verb "requested" বসানো, নিম্নোক্ত structure অনুসরণ করে।

Subject + reporting verb (requested) + object + inverted comma তুলে দিয়ে "to" + v1 + ……..

**5. He said that he —— the previous day.** [২৯ তম বিসিএস]

(a) has come (b) had come (c) came (d) arrived (b)

**ব্যাখ্যা:** Direct Narration-এ **yesterday থাকলে** Indirect Narration-এ the previous day হয়। প্রদত্ত বাক্যটি Direct Narration-এ Past Indirect Tense-এ হবে।

**6. Choose the correct indirect speech – She asked me,**

**'Are you happy in your job?"** [২৭ তম বিসিএস]

(a) She asked me if was happy in my new job.

(b) She asked me if have been happy in my new job.

(c) She asked me whether I am happy in my new job.

(d) She asked me whether I am happy in my new job (a)

**ব্যাখ্যা:** Reporting verb এর পরিবর্তন: asked এখানে asked-ই থাকবে। Linker যুক্তকরণ: প্রদত্ত বাক্যটি auxiliary verb দ্বারা শুরু হওয়ায় if /whether হবে। Tense-এর পরিবর্তন: Present Indefinite থাকায় Past Indefinite হবে।

**7. I said to him, "Is he a Doctor?"**

Turn the sentence into indirect speech. [নার্সিং ও মিডওয়াইফ অধিদপ্তর মিডওয়াইফ-১৭]

(a) I said to him that he was a doctor. (b) I said to him whether he is a doctor.

(c) I asked him whether he is a doctor. (d) I asked him whether he was a doctor. (d)

**ব্যাখ্যা:** Reporting verb-এর পরিবর্তন: Interrogative sentence-এ asked হয়; linker যুক্তকরণ: Interrogative হলে if/wether হয়; Tense এর পরিবর্তন: Present Indefinite থাকলে Past Indefinite হয়।

**8. Which one is the correct narration.**

He told "Do the Work". [প্রাক-প্রাথমিক সহকারি শিক্ষক (১৭ জেলা): ১৫]

(a) He said that do the work. (b) He asked to do the work

(c) He requested doing the work. (d) He told doing the work. (b)

**ব্যাখ্যা:** Imperative sentence verb দিয়ে শুরু হলে to দিয়ে Reported speech যুক্ত হয়।

**9. Which one is correct: He said to me**

"May you be happy". [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (৫ জেলা): ১৫]

(a) He told that I might be happy. (b) He reported that I might be happy.

(c) He said that I might he happy. (d) He wished that I might be happy (d)

**ব্যাখ্যা:** Reporting verb-এর পরিবর্তন: Optative Sentence-এ said/said to এর পরিবর্তে wished/prayed হবে। linker যুক্তকরণ: imperative sentence-এ linker that হবে। Tense এর পরিবর্তন: May + v1 হবে might + v1 হবে।

**10. He said, "All must go." What is the correct indirect speech of ti?** [প্রাথমিক সহকারী শিক্ষক-১০,১১,১২]

(a) He said that they should go. (b) He told that they ought to go

(c) He said that they ought go. (d) He said that they must go. (d)

**ব্যাখ্যা:** উপরের All must go (সবাইকে অবশ্যই চলে যেতে হবে) sentence-এর must দ্বারা চিরকালীন বাধ্যবাধকতা বুঝাচ্ছে, তাই must এর কোন পরিবর্তন নেই।

**11. Anis said, "I must write a letter' The indirect speeches -** [প্রাথমিক সহকারী শিক্ষক-১০,১১,১২]

(a) Anis said he must write a letter. (b) Anis said that he must write a letter

(c) Anis said he had to write a letter. (d) Anis said that he had to write a letter (d)

**ব্যাখ্যা:** উপরের sentence-এর must দ্বারা চিরকালীন বাধ্যবাধকতা না বোঝানোয় must পরিবর্তন হয়ে had to বসেছে।

**12. He said, "I have been working since sunrise." -** [JNU: 16-17]

(a) He said that he has been working since sunrise (b) He said that he is working.

(c) He said that he had been working since sunrise. (d) He said that he has worked for sunrise. (c)

**ব্যাখ্যা:** উল্লেখিত বাক্যটি present perfect continuous tense এ indirect narration এ থাকায়, পরিবর্তনের ক্ষেত্রে direct narration এ "that" এর পর past perfect continuous tense হয়েছে।

**13. Halima ——— that she would not attend classes next week.** [চবি (ই) ১০-১১]

(a) told to her professors (b) said her professors

(c) told her professors (d) is telling he professors (c)

**ব্যাখ্যা:** Sentence টিতে reporting verb choice করতে হবে। আমরা জানি told এর পর object বসে এবং said to এর পর object বসলেও said এর পর object বসে না। told এর পর to বসানো যাবে না। তাহলে option "A" & "B" তাই সঠিক উত্তর হতে পারে না এবং tense এর ভুল ব্যবহারের কারণে Option "A" –"D" ও ভুল।

**14. You said to me, 'You are right' Indirect form is _____** [প্রাথমিক সহকারী পরিচালক-০২]

(a) You told me that you were right (b) You told me that you are right

(c) You told me that I am right. (d) You told me that I was right (c)

**ব্যাখ্যা:** sentence-টিতে দেখা যাচ্ছে, Indirect Narration-এ said to পরিবর্তিত হয়ে told হয়েছে, Linker হিসেবে That এবং Present Indefinite Tense পরিবর্তিত হয়ে Past Indefinite Tense হয়েছে। যাথারীতি Person পরিবর্তনের নিয়মানুযায়ী you পরিবর্তিত হয়ে "I" হয়েছে।

**14. Kalpana said, "I am ill." makes indirect speech.** [হাইকোর্ট রেজিস্ট্রার-৯৪]

(a) Kalpane said that she is ill (b) Kalpana said that she had been ill

(c) Kalpana said that she was ill (d) Kalpana said that she was not well (d)

**ব্যাখ্যা:** Sentence টিতে linker, person & tense যথারীতি পরিবর্তিত হয়েছে। Reporting verb-এর দিকে খেয়াল করুন, said direct speech-ও যেমন ছিল, Indirect Speech-ও তেমনি আছে।

**15. Report the following in Indirect speech. He said to me,**

**"How did you do it?"** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ (পুনঃগৃহীত ১৭ জেলা) : ১৪]

(a) He enquired of me how I had done it. (b) He said to me if I had done it.

(c) He said to me that I had done it. (d) He enquired of me if I had done if (a)

**ব্যাখ্যাঃ-** Wh দ্বারা interrogative Sentence গঠিত হলে Linker হিসেবে Wh-word ই ব্যবহৃত হয়, যা শুধু অপশন A তে রয়েছে।

**16. He said tome, "Do you like music?"**

**the indirect form of this is -** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ (পুনঃগৃহীত ১৭ জেলা) : ১৪]

(a) He said if I like music (b) He asked me do I like music

(c) He asked to me if like music. (d) He asked me if I like music (d)

**ব্যাখ্যাঃ-** Interrogative Sentence হওয়ায় said to হবে asked এবং Auxiliary verb দ্বারা প্রশ্নবোধক বাক্যটি শুরুহওয়ায় linker হিসেবে if/whether ব্যবহৃত হবে, যে দুটি শর্ত অপশন D তে রয়েছে।

**17. He said to his master, "Forgive me, Sir"** [RU: 09-10]

(a) He begged his master to forgive him. (b) He begged his master to forgive him, Sir.

(c) He begged his master to forgive him. (d) He requested his master to forgive him. (c)

**ব্যাখ্যাঃ-** উল্লেখিত reported speech টি verb দ্বারা শুরু হওয়ায় তা imperative sentence. বাক্যতে যেহেতু "forgive/ক্ষমা" চাওয়ার কথা বলা হচ্ছে, তাই পরিবর্তনে reporting verb "begged" ব্যবহৃত করা হয়েছে।

উল্লেখ্য, sir থাকলে পরিবর্তনে "politely/respectfully" ব্যবহার করতে হয়। তা ব্যবহার করা হয়নি কেননা "master" কথাটি উল্লেখ থাকায়।

**18. Teacher said to me, 'May God bless you.'** [IU (G): 18-19]

(a) Teacher whished so that may God bless me. (b) Teacher prayed that God might bless me.

(c) Teacher prayed that God might bless me. (d) Teacher wished that God might bless me. (c)

**ব্যাখ্যাঃ-** উল্লেখিত বাক্যটি option sentence কেননা, তা "May" দ্বারা শুরু হয়েছে। তাই indirect করার ক্ষেত্রে নিম্নোক্ত structure টি অনুসরণ করা হয়েছে।

**19. He said, "What a pity!" বাক্যের indirect speech হচ্ছে -** [IU (C): 15-16]

(a) He said that it was a great pity (b) He exclaimed that it is a great pity

(c) He exclaimed that is was a great pity. (d) He said that it is a great pity (c)

**ব্যাখ্যাঃ-** যেহেতু উল্লেখিত বাক্যটি exclamatory, তবে বাক্যটি অসম্পূর্ণ। যার পূর্ণাঙ্গ রূপ: "What a pity it is." যাকে নিম্নোক্ত structure অনুযায়ী indirect করা হয়েছে।

Subject + exclaimed + that + subject + tense পরিবর্তন + "great + noun/very + adjective" + ------

**20. Choose the correct indirect form of the following direct sentence:**

**He said, "We are all sinners."** [রাবি ০৭-৮]

(a) He said that all of them were sinners. (b) All of them were sinners was told by them

(c) All of us are sinners was told by him. (d) He said that we are all sinners. (d)

**ব্যাখ্যাঃ-** উপরের sentence দুটি Universal Truth হওয়ার কারণে Tense-এরও পরিবর্তন হয়নি। কারণ আমরা জানি, Reported speech চিরন্তন সত্য হলে তার tense-এর কোন পরিবর্তন হয় না।

**21. Direct: Sani said to me, 'Please lend me your book.'**

**Indirect: Sani requested me to kindly lend her my book.**

**ব্যাখ্যাঃ** please দিয়ে শুরু affirmative sentence হলে to এর পরে kindly বসবে আর negative হলে kindly বসবে না। তবে হ্যাঁ বা না বোধক কোনটাই kindly না বসালেও চলবে।

**22. He said to me, "Thank you." Make it indirect speech.** [BRUR (C): 13-14]

(a) He thanked me. (b) He had thanked me.

(c) He told me that thank you. (d) He wished a think to me. (a)

**ব্যাখ্যাঃ-** Assertive sentence যদি "Thank you" দিয়ে গঠিত হয়, তবে indirect করার সময় নিম্নোক্ত structure অনুসরণ করতে হয়।

**23. What will be the indirect form of the sentence following sentence? He said 'I am well'**
[সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্নতত্ত্ব অধিকারের এস্টিমেটর: ২০১৯]

(a) He said that I was well (b) He said that he is well

(c) He said that he was well (d) He said that I am well (c)

**ব্যাখ্যাঃ-** পরিবর্তনেসমূহ: 1. Reporting verb এর: said = said 2. Linker এর: that 3. Person এর: 1= he 4: verb এর: am = was.

**24. She said to him, 'I don't believe you'.** [জুনিয়র অফিসার, সাধারণ বীমা কর্পোরেশন-১৯]

(a) She told to him that she did not believe him. (b) She said to him that she had not believe him

(c) She said she did not believe him (d) She said to him that she never believed him (a)

**ব্যাখ্যাঃ-** পরিবর্তনসমূহ: ১. Reporting verb এর: said to = told 2. Linker এর: that 3. Person এর: I = she, you = him 4. verb এর: don't believe = did not believe.

**25. He said, "I shall go to office". Indirect form is-** [তথ্য মন্ত্রণালয়ের অধীন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ক্যামেরাম্যান: ১৯]

(a) He said that he shall go to office. (b) He said that he would go to office

(c) He said that he will go to office (d) He said that he should go to office (b)

**ব্যাখ্যাঃ-** পরিবর্তনসমূহ: ১. Reporting verb এর: said = said 2. Linker এর: that 3. Person এর: I = he 4, verb এর: shall go = would him.